Rabindra Bharati University

Vocal Music Department

B.A. – 2/2.1/Bengali Version

Brief study on the following compositions : -

Sonata- সোনাটা হোল পাশ্চাত্য শাস্ত্রীয় সংগীতের অন্তর্গত এমন এক দীর্ঘ সংগীতরীতি যা সচরাচর বেশ কয়েকটি বিভাগে বিভাজিত। Sonata বলতে যন্ত্রসংগীতকেই বোঝায়। কখনো Orchestra সহযোগে, কখনো আবার এককভাবে পিয়ানো বা বেহালাতে সোনাটা বাজানো হয়। সাধারণতঃ সোনাটা-তে চারটি বিভাগ থাকে; এদের বলে মুভমেন্ট। এরা হোল - Allegro (দ্রুতগতি); Adagio (মোটামুটিভাবে শান্ত ও অলস); Accelerando (ক্রমশঃ দ্রুতগতি থেকে দ্রুততর গতি); এবং সবশেষে আবার Allegro (দ্রুতগতি)। সোনাটা-র একদম শেষের মুভমেন্ট টিকে সচরাচর Rondo বলা হয়ে থাকে।

ষোড়শ শতাব্দীর শেষার্ধে সোনাটা-র প্রবর্তন হয়। প্রথম দিকে সোনাটা ছিল কণ্ঠসংগীতের অবিকল অনুকরণ। অষ্টাদশ শতাব্দীর শেষার্ধে এসে সোনাটা কণ্ঠ সংগীতের বাঁধন থেকে মুক্ত হোল। এখন Sonata বলতে বোঝায় সম্পূর্ণ স্বাধীন একপ্রকার যন্ত্রসংগীত।

প্রথম যুগের Sonata ছিল দু'প্রকার – Church Sonata, যা গীর্জাতে বাজানো হোত; এবং, Chamber Sonata যা অভিজাত ব্যক্তিবর্গের ব্যক্তিগত সংগীতাসরে বাজানো হোত। কয়েকজন প্রথিতযশা Sonata-Composer হলেন Bach, Beethoven, Mozart, Schubert, Haydn প্রমুখ।

Symphony - Symphony হলো orchestra - র বিস্তৃততর রূপ। সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দীতে Symphony শব্দের অর্থ ছিল ক্ষুদ্র যন্ত্র-বাদন, যেখানে quick-slow-quick form-এ ক্ষুদ্রাকারে যন্ত্রসংগীত বাজানো হোত। অষ্টাদশ শতাব্দীর শেষার্ধে মহান সংগীতস্রষ্টা Beethoven-এর কৃতিত্বে symphony জনপ্রিয়তার শিখরে পৌঁছালো। যন্ত্রবাদনে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান সে দখল করল।

Symphony শব্দটি এসেছে গ্রীক Syn (together) এবং Phone (sounding) শব্দ দুটির মেলবন্ধনে। পশ্চাত্য সংগীতের মধ্যযুগ ও নবজাগরণের সময়কালে শব্দটি ছিল 'Symphonia'. বর্তমানে Symphony বলতে বোঝায়, চারটি movement-এ বিভাজিত একটি large-scale-orchestra-composition. পাশ্চাত্য সংগীতের classical যুগের এবং পরবর্তী Romantic যুগের প্রথমার্ধের Symphony তে যে চারটি বিভাগ বা movement থাকতো, সেগুলি হোল allegro (দ্রুতগতি), adagio (মন্থরগতি), মিনুয়েট (minuet) বা স্কারজো (Scherzo)

[মোটামুটিভাবে দ্রুতগতি] এবং সবশেষে আবার allegro বা rondo (ক্রমশঃ দ্রুত থেকে অতি দ্রুতগতি)।

Symphony তে সচরাচর যে বাদ্যযন্ত্রগুলি বাজানো হয়, তার মধ্যে Violin, bassoon, viola, cello, harp-si-chord উল্লেখযোগ্য।

Franz Joseph Haydn - কে Symphony-র জনক বলা হয়। এ ছাড়াও আরো যারা Symphony -কে জনপ্রিয় করে তুলেছিলেন, তারা হলেন Amedeus Mozart, Peter Schubert, Battista Sammartini, Christian Cannabich প্রমুখ।

Orchestra :-

Orchestra হোল Western classical music-র অন্তর্গত একটি বৃহৎ সমূহবাদন, যেখানে চারপ্রকার বাদ্যেরই সমাবেশ ঘটে; যেমন - তারযন্ত্রের মধ্যে Violin, Viola ও Cello, ঘনবাদ্যের মধ্যে horn, trombone, tuba; সুষিরবাদ্যের মধ্যে flute, oboe, clarinet, bassoon; অবনদ্ধ বাদ্যের মধ্যে timpani, bass drum, triangle, cymbals, mallet ইত্যাদি।

একটি পূর্ণ পরিধির যথার্থ western orchestra, symphony orchestra বা philharmonic orchestra নাামে পরিচিত। যন্ত্রবাদক - সংখ্যা সত্তর থেকে একশত

পর্যন্ত হতে পারে। chamber orchstra তে যন্ত্রবাদকের সংখ্যা সচরাচর পঞ্চাশের মধ্যেই থাকে।

Orchestra পরিচালনার জন্য সচরাচর একজন পরিচালক থাকেন। তিনি হাতের নানা প্রকার ভঙ্গীর সাহায্যে, কখনো বা একটি baton (band master - এর নির্দেশদণ্ড) এর সাহায্যে Orchestra এর বিভিন্ন movement গুলি পরিচালনা করেন। Orchestra তে violin-section এর Leader কে বলা হয় concert master.

সুপরিচিত Orchestra - composer রা হলেন Sebastian Bach, Frideric Handel, Joseph Haydn, Amedeus Mozart, Johannes Brahmes, Richard Wagner, Gustav mahler প্রমুখ।

Suite :- Suite হোল পাশ্চাত্য নৃত্যকলার সাথে বাদিত একপ্রকার যন্ত্রসংগীত, যাতে নানা ধরনের movement এর প্রয়োগ ঘটে। সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দীতে Suite ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ যন্ত্রসংগীত। সুরের modulation-এর সামঞ্জস্য রেখে রচিত হওয়া নানা ধরনের movement দেখা যেত Suite এ। অবশ্য প্রায় সব movement-ই ছিল সরল প্রকৃতির। ফরাসী Suite গুলিতে সর্বাধিক ১৮টি movement দেখা যেত। সবকয়টি movement যে একসাথে প্রয়োগ করতে হবে, এমন নয়। যন্ত্র-বাদকরা সিদ্ধান্ত নিতেন, কোন কোন movement প্রয়োজনীয় এবং সেইগুলিই বাজাতেন।

পরবর্তীকালে Sonata ও symphony-র প্রবল জন প্রিয়তায় Suite এর প্রচলন অনেক কমে গিয়েছিল। বিংশ শতাব্দীর Neo-classic music-composer-রা পুনরায় Suit কে ফিরিয়ে আনার ব্যবস্থা করেছেন।

'Suite' শব্দটি ফরাসী। এর অর্থ 'a sequemce'. চতুর্দশ শতাব্দীর শেষার্ধে Suite-এর প্রবর্তন হয়েছিল। প্রথম দিকে নৃত্য অংশের জবাবি বাজনা রূপে Suite এর প্রচলন হয়েছিল। সচরাচর একটি নৃত্য- কলায় পাঁচটি movement থাকত; কখনো বা একটি prelude part ও থাকত।

সুপরিচিত Suite - composer রা হলেন Sebastian bach, Christoph Graupner, Frideric Handel প্রমুখ। Frideric Handel ইংরেজী ও ফরাসী রীতিতে ২২টি Keyboard Suite রচনা করেছিলেন।

Cantata :-

সপ্তদশ শতাব্দীর প্রথমার্ধে cantata বলতে বোঝাতো একক-কণ্ঠের নাটকীয় madrigal song, যার সাথে lute নামক একটি তারবাদ্য সঙ্গত করা হোত। ইটালিতে এই গীতরীতি খুবই জনপ্রিয় হয়েছিল। সপ্তদশ শতাব্দীর মধ্যভাগ থেকেই বহুকণ্ঠে গাওয়া cantata রচিত হওয়া শুরু হোল; সেই সব cantata তে আবৃত্তি অংশ ও থাকত এবং aria নামক দীর্ঘ-গানের প্রয়োগ-ও করা হোত।

Cantata গুলি ছিল দুধরণের– church cantata (ধর্মীয় গান) এবং chamber cantata (বিনোদনীয় গান)। অষ্টাদশ শতাব্দীর জার্মানীতে cantata বলতে বোঝাতো গীর্জা সংগীত। সে সময়কার সুপরিচিত গীর্জাসংগীত রচয়িতার হলেন Frideric Handel, Philipp Telemann প্রমুখ। Sebastian Bach ছিলেন একজন অনন্য সাধারণ cantata-composer, তিনি প্রায় ৩০০টি chamber cantata অর্থাৎ বিনোদনীয় cantata রচনা করেছিলেন। তিনি cantata তে oratorio, aria, duet, chorus প্রভৃতি নানাবিধ বৈচিত্রমূলক গীতরীতি প্রয়োগ করেছিলেন।

Sebastian Bach রচিত cantata র অনুকরণে উনবিংশ শতাব্দীতে রচিত হয়েছিল বহুসংখ্যক church cantata ও chamber cantata। এই উভয়প্রকার cantata-ই ছিল আয়তনে দীর্ঘ। বিংশ শতাব্দীতে রচিত cantata গুলিতে আবৃত্তি অংশের প্রয়োগ হোত নিয়মিতভাবে। এই আবৃত্তি অংশে গল্পের আকারে নীতি কাহিনী কাব্যময় আঙ্গিকে উপস্থাপন করা হোত।

Cantata শব্দটি এসেছে ইটালিয়ায়ন 'cantare' থেকে যার অর্থ 'to sing'।

Oratorio : Oratorio হোল একপ্রকার দীর্ঘ ধর্মীয় সংগীত, যাতে ভক্তিপরায়ণ ভঙ্গীতে নাটকীয় ঘটনার বর্ণনা থাকে। সচরাচর Oratorio গুলি concerto রূপে পরিবেশিত হয়, যেখানে দৃশ্যপট, বেশভূষা বা নাটকীয় কোনো প্রকরণ থাকে না। সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দীতেই Oratorio গুলির প্রভূত চর্চা হয়েছিল। তবে এই ধরনের গানের

যথার্থ প্রবর্তন হয়েছিল পাশ্চাত্য সংগীতের নবজাগরণ যুগের দ্বিতীয়ার্ধে এবং বারোক যুগের প্রথমার্ধে। এই সময়কালে একই সাথে Oratorio সংগীতের জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে এবং জনপ্রিয়তার নিরিখে Opera ছিল প্রথম এবং Oratorio দ্বিতীয়।

Oratorio হোল Orchestra সংগীত ও কাণ্ঠ সংগীতের উপযোগী এক দীর্ঘায়িত সংগীত রীতি। সুপরিচিত উদাহরণের মধ্যে পাওয়া যায়, sebastian bach রচিত ‘christmas oratorio’; Frideric Handel রচিত ‘Messiah’; Joseph Haydn রচিত ‘The Creation’. Opera- র মতো Oration তেও choir, soloists, সমূহ যন্ত্রবাদন এবং -aria র প্রয়োগ হয়।

সুপরিচিত অন্যান্য composer-রা হলেন Heinrich Schutz, Battista Telemann প্রমুখ। Frideric Handel গ্রীক ও রোমান mythology-র কাহিনীভিত্তিক Oratorio রচনায় দক্ষতার ছাপ রেখেছেন। তাঁর রচিত একটি জনপ্রিয় Oratorio যা ইংরাজী ভাষাতে রচনা করা হয়েছিল, যেটি হোল ‘Esther’. Giuseppe Lidarti নামক একজন ইটালিয়ান composer এই Oratorio টি হিব্রু ভাষায় অনুবাদ করেছিলেন।

Opera :- Opera বলতে বোঝায় নৃত্য গীত নাট্য। Opera তে গায়ক গায়িকারা নাটকীয় বেশভূষা পরিধান করে গান গাইতে গাইতে অভিনয় করে। Opera র composition এ নৃত্যময় পরিস্থিতি ও তৈরী করা হয়। গান ও নাচের সাথে

instrumental accompaniment- ও থাকে। Opera -তে প্রধানতঃ দুটি অংশ থাকে recitative, অর্থাৎ আবৃত্তিময় অংশ এবং aria, অর্থাৎ গীতময় অংশ।

Opera-র প্রবর্তন ষোড়শ শতাব্দীর একেবারে শেষদিকে, Florence এ। প্রথমদিকের Opera রচয়িতাদের মধ্যে আছেন Jacopo Peri ও Giulio caccini প্রমুখ। সে সময়কার Opera তে Recitation ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ অঙ্গ। Claudio Monteverdi নতুনতত্ব আনলেন; Madrigal গানগুলি থেকে, Italian বিনোদনীয় গানগুলি থেকে এবং ভেনিসদেশের church - music থেকে musical elements সংগ্রহ করে Opera তে প্রয়োগ করলেন; ফলে Opera হয়ে উঠল আরো বেশি সংগীত-প্রধান। Haydn এর রচিত Opera গুলি সাংগীতিক উপাদানে সমৃদ্ধ।

Jacopo Peri রচিত প্রথম Opera টির নাম 'Dafne' এটি ১৫৯৭ খ্রিষ্টাব্দে Florence এ মঞ্চস্থ হয়ে ছিল। Richard Wagner কে Opera র জনক বলা হয়। Wagner এর আগে Opera কে Music Drama বলা হোত। Wagner ই প্রথম 'Opera' শব্দটির প্রয়োগ করলেন। 'Nationalist Opera'-র প্রবর্তন করেন Mikhail Glinka ১৮৩৬ খ্রিষ্টাব্দে। সুপরিচিত Opera রচিয়তারা হলেন Amedeus Mozart, Alessandro Scarlatti, Richard Wagner, Joseph Haydn প্রমুখ।

Concerto : - Concerto এমনই এক যন্ত্রসংগীত যার প্রধান কাজ হোল Contrast তৈরী করা। কখনো orchestra ও solo instrument এর মধ্যে; কখনো বা orchestra ও smaller group of instruments এর মধ্যে; কখনো আবার orchestra-র অন্তর্গত বিভিন্ন group of instruments এর মধ্যে Contrast তৈরী করাই হোল Concerto Music-এর প্রধান কাজ। অষ্টাদশ শতাব্দীর শুরু থেকেই Concerto তে তিনটি movement প্রচলিত – fast, slow, fast.

প্রথম দিকের Concerto ছিল দু'প্রকারের – church concerto (ধর্মীয় সংগীতের উপযোগী বাদ্য বিন্যাস) এবং chamber concerto (বিনোদনীয় সংগীতের উপযোগী বাদ্য বিন্যাস)।

concerto শব্দটি এসেছে latin concertare শব্দ থেকে, যার অর্থ 'to work together with someone'. ১৭০০ খ্রিষ্টাব্দের পূর্বে concerto তে কন্ঠসংগীতেরও প্রয়োগ হোত। অষ্টাদশ শতাব্দীর শেষার্ধে concerto তে symphone এবং string quartet অন্তর্ভুক্ত হোল এবং এর ফলে concerto-র চরিত্র অনেক বেশি গ্রহণযোগ্য হয়ে উঠল।

concerto তে orchestra-র প্রয়োগ শুরু করেন Robert Schumann, মধ্যে উনবিংশ শতাব্দীতে । Schumann তাঁর concerto শুরু করতেন orchestra দিয়ে। Handel Concerto-তে একটি নতুন movement যুক্ত করেছিলেন, সেটির

নাম Cadenza. Cadenza তে orchestra থেমে যেত এবং solo-বাদক সেই সময়কালে নিজের সাংগীতিক প্রতিভা ও দক্ষতা প্রকাশের সুযোগ পেতেন। Cadenza অংশের সমাপ্তিতে পুনরায় orchestra বাদন শুরু হোত এবং concerto তার নিজস্ব চরিত্র ধারণ করত।

পাশ্চাত্য সংগীতের প্রত্যেক composer-ই কম বেশি নানা ধরনের concerto রচনা করেছেন।

Mass :- Mass হোল একধরণের ধর্মীয় সংগীত, যা গাইত church-এর choir দল। গানগুলি church এই গাওয়া হোত। সচরাচর রোমান ক্যাথোলিক চার্চ এই Mass সংগীত প্রণয়নে সাহায্য করত।

পাশ্চাত্য সংগীতের নবজাগরণের যুগেই Mass সংগীতের জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছিল। গানগুলি গাওয়া হোত upper scale-এ। lower scale-এ রচিত Mass গুলি আবৃত্তি করা হোত। choir দলের সকলের (soprano, alto, tenor, bass) জন্যই Mass গুলিতে গীতাংশ নির্দিষ্ট করা থাকত। ফলে সকলেরই সমান গুরুত্ব সূচিত হোত।

পরবর্তীকালে বহু সংগীতকার concert রূপে মঞ্চে গাইবার উপযোগী Mass রচনা করেছেন। মঞ্চোপযোগী Mass গুলি আয়তনে দীর্ঘ ও একটি সমগ্র মঞ্চানুষ্ঠানের উপযোগী করেই রচিত হোত। কয়েকজন জনপ্রিয় Mass রচয়িতা হলেন Sebastian

Bach, Amedeus Mozart, Franz Schubert, Beethoven, Giuseppe Verdi প্রমুখ।

সচরাচর Mass সংগীতে পাঁচটি অংশ থাকে। সেগুলি হোল Kyrie, Gloria, Credo, Sanctus, Benedictus, এবং Large-scale-Mass গুলিতে এই ৫টি বিভাগকে আরো বেশ কয়েকটি অনুবিভাগে বিভাজিত করা হয়ে থাকে।

Mass গানগুলির দুটি প্রকারভেদ আছে – Ordinary (সারাবৎসর একইভাবে একই গান গাওয়া হয়) এবং Proper (সারাবৎসর ধরে সামান্য হলেও পরিবর্তিত হতে থাকে)।